দৈনিক খবর

তারিখ ... ৩১.৮.৯১ ...
পৃষ্ঠা... ৩ ... কলাম... ৮ ...

26

# পাঠ্যসূচীতে ট্রাফিক আইন অন্তর্ভুক্ত করার দাবী

বাংলাদেশ সড়ক পরিবহণ শ্রমিক ফেডারেশনের কেন্দ্রীয় নির্বাহী কমিটির তিন দিনব্যাপী সভার সমাপ্তি দিনে বক্তারা শিক্ষা প্রতিষ্ঠানে ট্রাফিক শিক্ষার জন্য উপযুক্ত কারিকুলাম চালু ও প্রচার মাধ্যমে ট্রাফিক শিক্ষার ব্যবস্থা করার জন্য সরকারের প্রতি দাবী জানান।

গতকাল শুক্রবার মহাখালী বাস টার্মিনালে সংগঠনের সভাপতি মনজুরুল আহসান খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় অন্যান্যের মধ্যে ফেডারেশনের সাধারণ সম্পাদক আব্দুর রশিদ, সহ-সভাপতি হাবিবুর রহমান খান বক্তব্য রাখেন।

সভায় বক্তারা লাইসেন্স প্রদানে দুর্নীতি ও ঘুষ ব্যবস্থা বন্ধ, চুক্তি অনুসারে ভুয়া ড্রাইভিং স্কুল বাতিল,

শেষ পৃষ্ঠায় ৮ম কলামে

## পাঠ্যসূচীতে ট্রাফিক

প্রথম পৃষ্ঠার পর

নবায়নকৃত লাইসেন্সধারী ড্রাইভারদের হয়রানির নিন্দা করেন এবং অনিয়মকারী ও স্বেচ্ছাচারী লাইসেন্স প্রদানকারী কর্মকর্তাদের শাস্তি প্রদানের দাবী জানান।

এছাড়া ফেডারেশনের দ্বিতীয় দিনের অনুষ্ঠিত কার্যনির্বাহী অপর সভায় শ্রমিকদের নিয়োগপত্র প্রদান, ছুটি না দেয়ায় নিন্দা প্রকাশ ও সরকারী শ্রম বিভাগ এবং বিআরটিএকে আইন বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণের আহবান জানান হয়। ঢাকা-চট্টগ্রাম রোডসহ দেশের প্রত্যন্ত অঞ্চলে সড়কগুলোর সংস্কার, বিচারাধীন পরিবহণ শ্রমিকদের জেল ও থানা হাজতে হয়রানি বন্ধের দাবী জানান হয়। এছাড়া চট্টগ্রাম বন্দর শ্রমিক আন্দোলনের প্রতি সংহতি ঘোষণা করা হয়।

সভায় সড়ক দুর্ঘটনা রোধে সচেতন হওয়ার আহবান জানিয়ে বলা হয়, প্রতিটি শ্রমিক ইউনিয়নকে নিজ নিজ গুরুদায়িত্ব পালন করতে হবে। বক্তারা শিল্প অধ্যাদেশ সংশোধনের দাবী জানিয়ে বলেন, রাষ্ট্রপতি অধ্যাদেশে স্বাক্ষর প্রদান ও ঘোষণা সত্ত্বেও বিশেষ মহলের কারসাজিতে তা এখনও বাস্তবায়ন হয়নি। সভায় বক্তারা সরকারী আধুনিক ড্রাইভিং প্রশিক্ষণ স্কুল প্রতিষ্ঠার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন এবং বর্তমানে লাইসেন্স প্রদানে যে অনিয়ম ও স্বেচ্ছাচারিতা চলছে তা নিরসন ও সুষ্ঠুভাবে লাইসেন্স প্রদানের সুপারিশের জন্য হাইকোর্টের বিচারপতির নেতৃত্বে একটি বিচার বিভাগীয় কমিটি গঠন করার দাবী জানান। খবর বিজ্ঞপ্তি'র।